

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮. ১৪৯৪

তারিখ: ২৭/০২/১৮

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর খুলনা সফরকালীন আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ সরাসরি সম্প্রচার।

- আগামী ০৩ মার্চ ২০১৮খ্রি., শনিবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা খুলনা সফর করবেন। উক্ত সফরকালীন সকাল ১১টায় মাননীয় প্রধানমন্ত্রী খুলনার খালিশপুরস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের ৫৮তম কনভেনশনে এবং বিকাল ৩টা ৩০মিনিটে খুলনা সার্কিট হাউজ মাঠে বাংলাদেশ আওয়ামী লীগ, খুলনা জেলা ও মহানগর শাখা আয়োজিত জনসভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। উক্ত দুটি অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। এ ছাড়া উক্ত ভাষণ বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম ব্যান্ডে একযোগে রীলে হবে।
- ২। উক্ত দুটি ভাষণের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও খুলনা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং/জেলা প্রশাসন, খুলনা এর সাথে যোগাযোগপূর্বক উক্ত দুটি ভাষণ যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। উক্ত দুটি অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, খালিশপুর, খুলনা এবং সার্কিট হাউজ মাঠ, খুলনা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বহন করবেন।
 - ৪। উক্ত দুটি ভাষণ প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আয়ান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০কিলোহার্জে, এফ.এম ৯৭.৬ মেগাহার্জে এবং ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে। ভাষণ প্রচারকালীন বাংলাদেশ বেতার খুলনা কেন্দ্রের পূর্বনির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে/বিকল্প ফ্রিকোয়েন্সিতে সমন্বয়ের মাধ্যমে প্রচার হবে।
 - ৫। উক্ত দুটি ভাষণ সরাসরি সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরু ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৬। উল্লিখিত দুটি অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ভাষণ সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার খুলনা সমন্বয়ের মাধ্যমে যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
 - ৭। উক্ত দুটি ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও খুলনা সমন্বয় করে ভাষণ সম্প্রচারের সাথে সম্পর্কিত কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ ভাষণটি প্রচারের পূর্বে যোগাযোগ/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিতকরণ এবং সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগসহ প্রয়োজনীয় সমন্বয় করবেন।
 - ৮। উক্ত দুটি ভাষণ প্রচারের সময় ফিলার প্রচারে অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।
 - ৯। উক্ত দুটি ভাষণ সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও খুলনা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ, সম্প্রচার বুথে উপস্থিত থেকে ভাষণ সম্প্রচার তত্ত্বাবধানসহ ভাষণ যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১০। মাননীয় প্রধানমন্ত্রীর খুলনা সফরকালীন দুটি অনুষ্ঠানের ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা ও উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার খুলনা-কে অনুরোধ করা হলো।
 - ১১। উক্ত দুটি অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে সংশ্লিষ্ট অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
 - ১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(নাসরুল্লাহ মো. ইরফান)
পরিচালক, অনুষ্ঠান
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৪৮১৩০৭৪।

বিতরণ: কার্যার্থে (জেষ্ঠ্যের ভিত্তিতে নয়)-

- ১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার সদর দপ্তর, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/খুলনা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিয়ন্ত্রণ প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।
- ৭। উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার খুলনা।